



Bengali

আমরা কিভাবে সাহায্য করতে পারি:

- আপনার পরিস্থিতি এবং আপনার কাছে থাকা উপায়গুলো বুঝতে সহায়তা
- স্বাস্থ্য, বিশেষ সুবিধা প্রদান, আবাসন, আইনি এবং উদ্বেগের অন্যান্য ক্ষেত্রের মতো সহায়তা পরিষেবাগুলোর তথ্য
- আপনার সিদ্ধান্ত গ্রহণে সহায়তা
- অন্যান্য পরিষেবা যেমন আবাসন সংকট, কাউন্সেলিং এবং আইনি পরামর্শের জন্য রেফারেল পেতে সাহায্য
- পারিবারিক সহিংসতার অভিজ্ঞতা সম্পর্কে স্বরাষ্ট্র বিভাগের সাথে যোগাযোগে সহায়তা

আপনি যদি ইংরেজি বলতে না পারেন,
আমরা আপনার জন্য একজন দোভাষীর
ব্যবস্থা করতে পারি।

কাকে ফোন করতে হবে:

IWSA প্রকল্প কর্মকর্তাদের

9635 8022

সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা
সোবমার থেকে শুক্রবার পয
info@speakout.org.au

অথবা আপনি সহায়তার জন্য নিম্নলিখিত
নম্বরগুলোতে কল করতে পারেন। এগুলো
দিন-রাত ২৪ ঘন্টা এবং সপ্তাহের ৭ দিন
খোলা থাকে।

পুলিশ:
০০০

ডোমেস্টিক ভায়োলেন্স লাইন:
1800 656 463

যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন
হয় তবে দয়া করে TIS কে কল করুন:
13 14 50



গৃহ সহিংসতা পরিষেবা

অভিবাসী ও শরণার্থী নারীদের জন্য গৃহহীন
বহুসাংস্কৃতিক নারী সমন্বিত সহায়তা সেবা
(HoMWISS)

আপনি কি ভীত বা আপনার সাথে
বসবাসকারী কারও দ্বারা আঘাত পেয়েছেন?

আপনি কি গৃহহীন বা গৃহহীন হওয়ার
ঝুঁকিতে আছেন?

আপনি সাহায্য পেতে পারেন



গৃহ এবং পারিবারিক সহিংসতা কি?

গৃহ এবং পারিবারিক সহিংসতা ঘটে যখন একজন ব্যক্তি বর্তমান বা পূর্ববর্তী সম্পর্কের অন্য ব্যক্তিকে নিয়ন্ত্রণ করার জন্য শারীরিক, মানসিক, যৌন, আধ্যাত্মিক, প্রযুক্তিগত, আর্থিক, সামাজিক বা সাংস্কৃতিকের মতো কোনও ধরনের সহিংসতা ব্যবহার করে।

৯৮%-এরও বেশি নারী গৃহ ও পারিবারিক সহিংসতার শিকার।

গৃহ এবং পারিবারিক সহিংসতার মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- ঘুমি মারা, আঘাত করা, চড় মারা, বস্তু নিক্ষেপ করা, ধাক্কা দেওয়া, অস্ত্র ব্যবহার করা
- কোনও মহিলা বা শিশুকে আঘাত বা আহত করার হুমকি
- সবসময় ছোট করে দেখা, জনসমক্ষে এবং বাড়িতে অপমানজনক মন্তব্য করা, চিৎকার করা
- মহিলা বা শিশুকে ভয় দেখানো বা ভয় দেখানোর দিকে পরিচালিত মন্তব্যসমূহ
- আঘাত করা বা পোষা প্রাণীর ক্ষতি করা বা সম্পত্তি ধ্বংস করা
- অবাঞ্ছিত যৌন স্পর্শ বা ক্রিয়াকলাপ বা মন্তব্য
- পরিবার এবং বন্ধুদের থেকে নারীকে বিচ্ছিন্ন করা
- নারীকে অর্থ বা খাবারের মতো মৌলিক চাহিদা থেকে বঞ্চিত করা।

গৃহ এবং পারিবারিক সহিংসতা একটি অপরাধ

এটি কেবল আপনাকেই নয়, আপনার বাচ্চাদেরও প্রভাবিত করে। গৃহ এবং পারিবারিক সহিংসতার অভিজ্ঞতা এবং সাক্ষীর ফলে শিশুরা সারা জীবন ধরে মানসিকভাবে আঘাত প্রাপ্ত হতে পারে।

আপনার নিরাপদ বোধ করার অধিকার আছে।

আপনি যদি গৃহ এবং পারিবারিক সহিংসতা অনুভব করেন, তাহলে নীচের পদক্ষেপগুলো নিতে পারেনঃ

- যে কোন ধরনের সহিংসতাকে “না” বলুন।
- আপনার বিশ্বাসী কারও সাথে কথা বলুন।
- 000 নম্বরে পুলিশকে কল করুন
- একজন পেশাদারের কাছ থেকে পরামর্শ নিন যেমন:
 - ♦ ডোমেস্টিক ভায়োলেন্স লাইন
 - ♦ আপনার এলাকার কমিউনিটি হেলথ সেন্টারের কাউন্সেলর
 - ♦ কোন কমিউনিটি সংস্থার পারিবারিক সহায়তা কর্মী
 - ♦ উইমেন্স ডোমেস্টিক ভায়োলেন্স কোর্ট অ্যাডভোকেসি সার্ভিসের কর্মী (WDVCASs)
- যদি আপনার আহত বা আহত হওয়ার ঝুঁকি থাকে তবে পুলিশকে ফোন করুন।
- হয় স্থানীয় আদালতে চেম্বার ম্যাজিস্ট্রেটের কাছে যান অথবা আপনার সঙ্গীর আঘাত হতে বাঁচতে একটি গ্রেপ্তার সহিংসতা আদেশ (AVO) পেতে থানায় যান।

অন্যান্য পরিষেবা যা আপনাকে সাহায্য করতে পারে:

পুলিশ, অ্যাম্বুলেন্স এবং অন্যান্য জরুরী সেবার জন্য 000-তে ডায়াল করুন

DOMESTIC VIOLENCE LINE (কাউন্সেলিং এবং পরামর্শ সেবা 24 ঘন্টা)
1800 656 463

LINK 2 HOME (খাকার জন্য)
1800 152 152

ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভিস - IWSA
9635 8022

উইমেন্স লিগাল সার্ভিস এন এস ডব্লিউ
8745 6999

1800 RESPECT
1800 737 732

LAW ACCESS NSW
1300 888 529

উইমেন্স ডোমেস্টিক ভায়োলেন্স কোর্ট অ্যাডভোকেসি সার্ভিসেস (WDVCASs)
1800 938 227



www.speakout.org.au